# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০৩৭

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২০৭. প্রথম তাশাহুদ পড়তে ভুলে গেলে।

باب مَنْ نَسِيَ أَنْ يَتَشَهَّدَ وَهُوَ جَالِسٌ

আরবী

حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ الْجُشَمِيُّ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، أَخْبَرَنَا الْمَسْعُودِيُّ، عَنْ زِيَادِ بْنِ عِلاَقَةَ، قَالَ صَلَّى بِنَا الْمُغِيرَةُ بْنُ شُعْبَةَ فَنَهَضَ فِي الرَّكْعَتَيْنِ قُلْنَا سُبْحَانَ اللَّهِ قَالَ سُبْحَانَ اللَّهِ وَمَضَى فَلَمَّا أَتَمَّ صَلاَتَهُ وَسَلَّمَ سَجَدَ سَجْدَتَىِ السَّهْوِ فَلَمَّا انْصَرَفَ قَالَ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَصْنَعُ كَمَا صَنَعْتُ . قَالَ أَبُو دَاوُدَ وَكَذَلِكَ رَوَاهُ ابْنُ أَبِي لَيْلَى عَنِ الشَّعْبِيِّ عَنِ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ وَرَفَعَهُ وَرَوَاهُ أَبُو عُمَيْسٍ عَنْ ثَابِتِ بْنِ عُبَيْدٍ قَالَ صَلَّى بِنَا الْمُغِيرَةُ بْنُ شُعْبَةَ مِثْلَ حَدِيثِ زِيَادِ بْنِ عِلاَقَةَ . قَالَ أَبُو دَاوُدَ أَبُو عُمَيْسٍ أَخُو الْمَسْعُودِيِّ وَفَعَلَ سَعْدُ بْنُ أَبِي وَقَّاصٍ مِثْلَ مَا فَعَلَ الْمُغِيرَةُ وَعِمْرَانُ بْنُ حُصَيْنٍ وَالضَّحَّاكُ بْنُ قَيْسٍ وَمُعَاوِيَةُ بْنُ أَبِي سُفْيَانَ وَابْنُ عَبَّاسٍ أَفْتَى بِذَلِكَ وَعُمَرُ بْنُ عَبْدِ الْعَزِيزِ . قَالَ أَبُو دَاوُدَ هَذَا فِيمَنْ قَامَ مِنْ ثِنْتَيْنِ ثُمَّ سَجَدُوا بَعْدَ مَا سَلَّمُوا .

বাংলা

১০৩৭. উবায়দুল্লাহ ইবন উমার (রহঃ) .... যিয়াদ ইবন ইলাকা (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদা মুগীরা (রাঃ) ইমামতি করা কালে দুই রাকাতের পর না বসে দন্ডায়মান হন। তখন আমরা ’সুবহানাল্লাহ’ বলি (ভুল সম্পর্কে সতর্ক করার জন্য নামাযের মধ্যে এরূপ বলতে হয়)। জবাবে তিনিও ’’সুবহানাল্লাহ’’ বলেন। নামায সমাপনান্তে তিনি ভুলের জন্য দুইটি সিজদা সাহূ করেন। পরে তিনি সে স্থান ত্যাগ করবার পর বলেনঃ আমি যেরূপ করেছি, এরূপ আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে করতে দেখেছি। (তিরমিযী)।

অন্য বর্ণনায় আবু উমায়েস .... ছাবিত ইবন উবায়েদ হতে উল্লেখ করেছেন যে, একদা মুগীরা ইবন শোবা (রাঃ) নামায পড়াচ্ছিলেন ... অতঃপর পূর্ববর্তী হাদীছের অনুরূপ বর্ণিত হয়েছে।

আবু দাউদ (রহঃ) বলেন, আবু উমায়স (রহঃ) মাসউদীর ভাই। সাদ ইবন আবু ওয়াক্কাস (রাঃ) ও মুগীরা (রাঃ) এর অনুরূপ করেছেন। ইমরান ইবন হুসায়ন (রাঃ), দাহহাক ইবন কায়স (রাঃ), মুআবিয়া (রাঃ), ইবন আব্বাস

(রাঃ) এবং উমার ইবন আবদুল আযীয (রহঃ)-ও অনুরূপ ফতোয়া দিয়েছেন।

ইমাম আবু দাউদ বলেনঃ এটা ঐ ব্যক্তিদের সম্পর্কে বলা হয়েছে, যারা দুই রাকাতের সময় না বসার ভুলের জন্য সালামের পর সিজদায় সাহু আদায় করে থাকে।

## English

Narrated Al-Mughirah ibn Shu'bah:

Ziyad ibn Ilaqah said: Al-Mughirah ibn Shu'bah led us in prayer and he stood up at the end of two rak'ahs. We said: Glory be to Allah; he also said: Glory be to Allah, and he proceeded. When he finished the prayer and gave the salutation, he made two prostrations of forgetfulness. When he turned (to us) he said: I saw the Messenger of Allah (ﷺ) doing so as I did.

Abu Dawud said: Ibn Abi Laila narrated this tradition in a similar manner from al-Shaibi from al-Mughirah b. Shu'bah. Abu 'Umais narrated it from Thabit b. 'Ubaid saying: "Al-Mughirah b. Shu'bah led us in prayer, like the tradition reported by Ziyad b. 'Illaqah.

Abu Dawud said: Abu 'Umais is the brother of al-Mas'udi. And Sa'd b. Abi Waqqas did the same as done by al-Mughirah, 'Imran b. Husain, Dahhak b. Qais and Mu'awiyah b. Abi Sufyan. Ibn 'Abbas and 'Umar b. 'Abd al-'Aziz issued legel verdict to the same effect.

Abu Dawud said: This applies to a person who stands up at the end of two rak'ahs and males prostration after giving the salutation.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ যিয়াদ ইবনু ‘ইলাকা (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23341

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন